www.xtrapapers.com

SPECIMEN MATERIAL

# GCSE
# BENGALI

F

## Foundation Tier Paper 1 Listening Test Transcript

Specimen 2019 Morning Time allowed: 35 minutes
(including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

**The pauses are pre-recorded for this test.**

**Advice**

This is what you should do for each item.

- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A** answer the questions in **English**. In **Section B** answer the questions in **Bengali**.
- You must answer all the questions in the spaces provided. Do not write on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- **You must not ask questions or interrupt during the test.**
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now.**

Once the recording has started, the Invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

www.xtrapapers.com



**Section A** Questions and answers in **English**

| | | |
|---|---|---|
| **Example:** | **M1** | স্কুলের শুরুতেই আমার বিজ্ঞান লেসন থাকে, যা আমার পছন্দ নয়। |
| **01** | **F1** | পিই লেসনে তো লেখাপড়া নেই, তাই আমার তেমন ভালো লাগে না। |
| **02** | **M2** | ইংরেজীর শিক্ষক কী-যে পড়ান, আমরা তাঁর কথা কিছুই বুঝি না! |
| **03** | **F2** | ইতিহাসের পুরনো কাহিনীগুলো মনে রাখা খুব কষ্ট। |
| **04** | **M1** | প্রতিদিনই আমাদেরকে বাড়িঘরের কাজ করতে হয়। আমি বোনকে সাহায্য করতে বললেও আসলে আমার ভাই সবসময় আমাকে সাহায্য করে। |
| **05** | **F1** | আমরা সন্ধ্যার সময় সবাই মিলে টেলিভিশন দেখতে পছন্দ করি। কিন্তু দাদা রাগ করেন বলে সবসময় আর দেখা হয় না। |
| **06** | **M1** | বাবা সারাদিন অফিসের কাজে ব্যস্ত থাকেন। কিন্তু মা ঘরের কাজে সকাল থেকে রাত পর্যন্ত এত ব্যস্ত থাকেন যে, একটুও অবসর পান না। |
| **07** | **F2** | এলাকার লোকজন আর উঁচু উঁচু দালানগুলোতে থাকতে চায় না। তাই এসব ভেঙ্গে সেখানে আলাদা ছোটো ছোটো বাড়ি তৈরী করে দিলে তারা বাস করতে চায়। |
| | **M2** | এলাকার দোকানগুলোর জন্য কোনো কার পার্ক না থাকায় এলাকাবাসীদের খুব অসুবিধা হচ্ছে। একবার বাড়ি থেকে বের হলে ফিরে এসে আর বাড়ির সামনে গাড়ি রাখার জায়গা পায় না। |
| | **F2** | এই এলাকায় নিরাপদে রাস্তা পার হওয়ার কোনো বাতি নেই। তাই রাস্তা পার হতে গিয়ে প্রায়ই দুর্ঘটনা ঘটে বলে এলাকাবাসী জানিয়েছেন। |
| | **M2** | এলাকার বেশীরভাগ লোকই এখন বয়স্ক। তাদের দেখাশোনা বা যত্ন নেওয়ার তেমন কেউ নেই। তাছাড়া, তাদের এলাকায় বয়স্ক লোকদের থাকার কোনো ব্যবস্থা নেই। |
| **08** | **F2** | তুমি কী কী কাজ করতে? |
| | **M1** | কাস্টমারদের সুবিধার জন্য নতুন কোনো জিনিস আসার পর সেগুলো যে তাকে থাকে সেখানে সাজিয়ে রাখা ছিলো আমার আসল কাজ। |
| **09** | **F2** | আর কিছু করতে হয়নি? |
| | **M1** | জী, জিনিসপত্র কেনার পর মানুষ যেখানে দাম দিতে আসে সেখানেও বসতে হতো। তাছাড়া, মাঝে মাঝে জিনিসপত্রের গায়ে এর দামের কাগজ লাগানোর কাজ করতে হতো। |

www.xtrapapers.com



| | | |
|---|---|---|
| 10 | M2 | আমার প্রাইমারী স্কুলের সহপাঠীদের মধ্যে একজন ঘনিষ্ঠ বন্ধু ছিলো। বহুদিন হয় সে ইন্ডিয়া চলে গিয়েছে। হঠাৎ করে সেদিন তাকে টুইটারে পেয়ে গেলাম। এরপর থেকে প্রায়ই তার সাথে আমি কথাবার্তা চালিয়ে অবসর সময় কাটাই। |
| 11 | F2 | আমার জন্মদিনে ছোটমামা আমাকে একটি আই-ফোন উপহার দিয়েছেন। এখন সময় কাটাবার জন্য এটাই আমি বেশী ব্যবহার করি। অন্যদের মতো টেক্সট না পাঠিয়ে কথা-বার্তা বলে আত্মীয়দের সঙ্গে যোগাযোগ রাখি আর নানা রকমের খেলাও খেলি। |
| 12 | M 1 | অবসর সময়ে আমার কাজ হচ্ছে কারো বাড়িতে না গিয়ে বন্ধুবান্ধবদের সাথে নতুন নতুন খাবারের দোকানে যাওয়া। সেখানকার বিভিন্ন খাবারের স্বাদ নিতে আমার খুব ভালো লাগে। |
| 13 | F 1 | আমার কথা আর বলো না! আমি তো সঙ্গীতের পোকা! যখন কোনো কারণে আমার মন খারাপ হয় কিংবা অবসর সময় পাই তখন আমার ঘরের দরজা বন্ধ করে আমি কম আওয়াজে গান শুনে মনটাকে হালকা করি। |
| 14 | F 1 | আপনার নিজের সম্পর্কে কিছু বলবেন কি? |
| | M 2 | আমি আগে যেখানে যেখানে কাজ করেছি সেখানে খুব সহজেই সবার সাথে ভালো সম্পর্ক গড়তে পেরেছি। তবে আমার সবচেয়ে বড়ো গুণ হলো, কাজ যতো কঠিনই হোক তা করতে আমার অসুবিধা হয় না। আর সময় মতো কাজে আসতে কখনো দেরী করি না। |
| 15 | F1 | এ চাকরির জন্য আপনি কেন নিজেকে উপযুক্ত মনে করেন? |
| | M1 | কারণ এ ধরনের চাকরি আমি পাঁচ বছরেরও অধিক সময় ধরে করেছি। তাছাড়া বিভিন্ন ধরনের লোকজনের সঙ্গে ভিন্ন ভিন্ন দলে কাজ করার অভিজ্ঞতাও আমার আছে। ফলে এই চাকরির জন্য আমি নিজেকে যোগ্য মনে করি। |
| 16 | F1 | আপনি কোন বিশেষ কারণে এ চাকরি করতে চান? |
| | M2 | এ চাকরির জন্য অংক ও কম্পিউটার দক্ষতা থাকতে হবে বলে বলা হয়েছে। আর আমার সে উভয় বিষয়েই দক্ষতা রয়েছে। এ চাকরিতে বেতন বেশী বলে আমি আগ্রহী হলেও তার চেয়েও বড়ো সুবিধা হলো, অফিসটি আমার বাড়ির কাছে। |
| **Example:** | M1 | যদিও এটি খবর শোনা, গান শোনা ও খবর দেখার জন্য বেশ ভালো তবুও এখনকার ছেলেমেয়েরা এটি বেশী বেশী দেখে তাদের লেখাপড়ার সময়টা নষ্ট করছে। |
| 17 | F1 | এখনকার ছেলেমেয়েরা প্রায়ই সন্ধ্যায় বাইরে গিয়ে খেতে চায়। এতে বন্ধুত্ব বাড়ে ঠিকই কিন্তু বাইরের খাবার স্বাস্থ্যের জন্য কতোটা ক্ষতিকর, তারা তা ভাবে কি? |

www.xtrapapers.com



| | | |
|---|---|---|
| 18 | M2 | মঞ্চে অভিনেতা-অভিনেত্রীদের সামনাসামনি দেখা আমার খুব শখ। আর সে শখ পূরণ করতে আমার বন্ধু ছুটির দিনে আমাকে শহরের কেন্দ্রে নিয়ে যায়। |
| 19 | M1 | আমার বন্ধু অনলাইনে জিনিসপত্র কিনতে পছন্দ করে। কিন্তু নিজ চোখে জিনিস না দেখে কেনা আমার খুব অপছন্দ। |
| 20 | M2 | আচ্ছা রিনা, তোমার কোথায় বেড়াতে যাওয়ার খুব ইচ্ছা? |
| | F2 | ইউরোপের অতীত দিনের অনেক ঘটনা বিভিন্ন বইয়ে পড়েছিলাম এবং ইন্টারনেট থেকেও আজকাল জানতে পারছি। যেমন: রাজা-রাণীদের কাহিনী, ঐতিহাসিক জাদুঘর, পুরনো দালান-কোঠা ইত্যাদি। আর ওসব দেখার ইচ্ছা আমার অনেক দিন থেকে। তাই আগামী ছুটিতে ইউরোপ ঘুরে দেখবো বলে ভাবছি। আর সেখানে গেলে মনে রাখার মতো ছোটো-খাটো কিছু জিনিস তো অবশ্যই সংগ্রহ করবো, তাতে কোনো সন্দেহ নেই। |
| 21 | F2 | আমার কথা তো শুনলে জামাল। এবার বলো তোমার কোথায় যেতে ইচ্ছা করে। |
| | M1 | এশিয়ার বিভিন্ন অঞ্চলের বিভিন্ন রকম মানুষের জীবন যাপন নিয়ে টেলিভিশনে কিছুদিন আগে আমি বেশ কয়েকটি অনুষ্ঠান দেখেছি। এসব দেখার পর থেকে আমার খুব ইচ্ছা সেখানে গিয়ে সেখানকার লোকজনের চাল-চলন, পোশাক-পরিচ্ছদ ও রান্না-বান্নার পদ্ধতি নিজ চোখে দেখে আসি। তবে সেখানে যেতে হলে যে টাকা লাগবে, তা এখন থেকেই আমাকে জমাতে হবে। |

www.xtrapapers.com



**Section B** Questions and answers in **Bengali**

**22** **M1**

লন্ডনে প্রতি বছর বৈশাখী মেলা পালন করা হয়। এখানে নানা ধরনের বাংলাদেশী খাবারের দোকানে লোকের ভিড় থাকে সবচেয়ে বেশী। তবে বাংলাদেশের মতো ইলিশ মাছ আর পান্তা ভাত বিক্রি হয় না। মেলার সবচেয়ে বড়ো আকর্ষণ হলো, বাংলা গানের আসর। শুধু স্থানীয় শিল্পী নয়, বাংলাদেশ থেকে আসা নামী-দামী শিল্পীরাও মেলায় গান গেয়ে থাকেন।

**23** **F1** আমি এবার গিয়েছিলাম কিন্তু আমার ততোটা ভালো লাগেনি। কারণ, গান-বাজনা খুব উচ্চস্বরে হচ্ছিলো যে, কেউ উপভোগ করতে পারছিলো না। গাড়ি পার্কিংয়ের ভালো ব্যবস্থা ছিলো না বলে লোকজনকে অনেক দূর থেকে হেঁটে আসতে হয়েছে। লোকজনের ভিড়ের মধ্যে ছোটো ছেলেমেয়েদেরকে নিয়ে ঘোরাঘুরি করা খুব কষ্টকর ছিলো।

**24** **F2** কথা বলছি বাংলাদেশের ক্রিকেট খেলোয়াড় শামিম'এর সঙ্গে। তিনি দেশে ও বিদেশে ক্রিকেট খেলে বাংলাদেশের জন্য অনেক সুনাম বয়ে এনেছেন। বিশেষ করে তিনি বাম হাতে ব্যাট ধরার জন্য সকলের কাছে পরিচিত। আর টি২০ তে তিনি শতরান করায় সকলের কাছে আলোচিত।

**25** **F2** আচ্ছা, একজন ক্রিকেটার হতে আপনাকে কে এবং কীভাবে বেশী উৎসাহিত করেছেন?

**M1** আসিফ ভাই যদিও হাতে ধরে আমাকে খেলাটা প্রথম শেখান তবুও মূল উৎসাহ পেয়েছিলাম চাচা আমজাদ খান এর কাছ থেকে। চাচা কোনো খেলায় জিতে আসার পর এই প্রিয় ভাতিজাকে কোলে নিয়ে বলতেন, "বাবা, তুমি ভবিষ্যতে চাচার মতো নামী ক্রিকেট খেলোয়াড় হবে তো!"

**END OF TEST**

Copyright © 2016 AQA and its licensors. All rights reserved